গাংনীতে নতুন জাতের ধান চাষের উপকরণ বিতরণ

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর গাংনী শাখাতে সংস্থার সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায়, উচ্চ ফলনশীল নতুন জাতের ধান চাষ প্রদর্শনীর আওতায় ১০ জন ও ক্রপিং প্যাটার্ণ প্রদর্শনীর আওতায় ৪ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয়েছে । আজ সোমবার সকালে এসকল উপকরণ বিতরন করা হয়।

বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল ব্রী-ধান -১০০, ১০০ কেজি, ব্রী- ধান- ৮৯, ১০০ কেজি, ব্রী-ধান-৭৪, ৪০ কেজি, ইউরিয়া সার ৩০০ কেজি, টিএসপি সার ৩০০ কেজি, এমওপি সার ১৫০,কেজি, ডিএপি সার ১০০ কেজি, দস্তা সার ১০ কেজি ও প্রয়োজনীয় বালাইনাশকসহ সাইনবোর্ড ও রেজিষ্টার খাতা বিতরণ করা হয়। পাশাপাশি উপকারভোগীদেরকে প্রদর্শনীর লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয় । উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগন।